# বাংলাদেশে শেখ হাসিনার বিচার হবেই: ড. আসিফ নজরুল



আইন উপদেষ্টা আসিফ নজরুল: সংগৃহীত ছবি

শেখ হাসিনার বিরুদ্ধে উপযুক্ত বিচার বাংলাদেশেই নিশ্চিত হবে বলে মন্তব্য করেছেন আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি বলেন, গত বছরের জুলাইয়ে শিক্ষার্থীদের নেতৃত্বে শুরু হওয়া গণআন্দোলনের সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেই আইনশৃঙ্খলা বাহিনীকে প্রাণঘাতী শক্তি ব্যবহারের অনুমতি দিয়েছিলেন। সম্প্রতি বিবিসি আই (BBC Eye) প্রকাশিত একটি অনুসন্ধানে এই তথ্যের সত্যতা পাওয়া গেছে।

তিনি আরও লেখেন, "বিবিসির যাচাই করা অডিও রেকর্ডিংয়ে শেখ হাসিনাকে বলতে শোনা গেছে— 'তারা (বাহিনীর সদস্যরা) যেখানেই আন্দোলনকারীদের পাবে, গুলি করবে।' এটি এখন পর্যন্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রামাণ্য তথ্য যে প্রধানমন্ত্রী সরাসরি গুলির নির্দেশ দিয়েছিলেন।"

ড. আসিফ নজরুল মনে করেন, এমন মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় দোষীদের বিচারের আওতায় আনা সময়ের দাবি। তিনি দৃঢ়ভাবে বলেন, "শেখ হাসিনার উপযুক্ত বিচার বাংলাদেশেই হবেই।"

LENS ASIA